



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা



ফোন: ০৩৫১-৬২২১৫, মোবাইল: ০১৮৮৩০১১৭০১, ০১৩০৯১০৭৮১৮
Email: rgcchtbd@yahoo.com, Website: www.rangamaticollege.gov.bd


স্মারক নং- রাসক/

তারিখ: ১৯/০৯/২০২১ খ্রি.


অনার্স ২য় বর্ষের শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ৩য় বর্ষে Promotion সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- জাতী:বি:/পনি:/২য় বর্ষ অনার্স/৩৫(৪র্থ অংশ)/৯৯২২, তারিখ: ১৬/০৯/২০২১ খ্রি. মোতাবেক ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী বিধি মোতাবেক রেজিস্ট্রেশন করেছে, অনলাইনে ২য় বর্ষ কোর্স সম্পন্ন করেছে, ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সম্পন্ন করেছে সেসব শিক্ষার্থীদেরকে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় শর্ত সাপেক্ষে ৩য় বর্ষে Promotion প্রাপ্ত হবে। এছাড়া ২০১৭-১৮, ২০১৬-১৭ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে। উল্লেখ্য, যেসব শিক্ষার্থী ৩য় বর্ষে Promoted হয়েছে কিন্তু ২০২০ সালের অনার্স ২য় বর্ষ গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

এমতাবস্থায়, সকল শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অঙ্গীকারনামায় উল্লেখিত শর্ত মেনে অনার্স ৩য় বর্ষে Conditional Promotion গ্রহণে রাজি- এ মর্মে অঙ্গীকার নামায় (শিক্ষার্থীদের অঙ্গীকারনামা কপি সংযুক্ত) স্বাক্ষর করে আগামী ১০/১০/২০২১ খ্রি. তারিখের মধ্যে হাতে হাতে সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।


(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


১৯/০৯/২০২১

বিতরণ:

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। বিভাগীয় প্রধান, (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি।
তাকে সকল পরীক্ষার্থীর অঙ্গীকারনামা জমা নিয়ে (উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ২য় বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ প্রেরণের লক্ষ্যে) আগামী ১১/১০/২০২১ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ৪। সংরক্ষণ নথি।